

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

নথি নং- ৪৬.০০.১৩০০.০১৭.৯৯.০১১.১৬-৯২৪

তারিখ : ১১ কার্তিক, ১৪২৩
২৬ অক্টোবর, ২০১৬

বিষয় : জেলা প্রশাসক, সম্মেলন ২০১৬ এর গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের মনিটরিং-০২ শাখার পত্র নং-২৮৩, তারিখ ২১/০৯/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, সম্মেলন, ২০১৬ এর গৃহীত সিদ্ধান্তে স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ অনুবিভাগের আওতাধীন পর্যায়ক্রমে চাঁদপুর জেলার ৩৮ ইউনিয়ন পরিষদসহ যে সব ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি নেই, সে সব ইউনিয়ন পরিষদের জমি ক্রয়ের জন্য অর্থ বরাদ্দসহ কমপ্লেক্স ভবন নির্মাণের ব্যবস্থা করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। উল্লেখ্য প্রতিটি ইউনিয়ন পরিষদে জনপ্রতিনিধিসহ কর্মচারীদের বেতন-ভাতাদির বৃহদাংশ স্থানীয় সরকার বিভাগ হতে পরিশোধ করতে হয়। অধিকাংশ ইউপি বাৎসরিক আয় দ্বারা ইউপির জনপ্রতিনিধিগন এবং কর্মচারীদের বেতন-ভাতার সংকুলান হয়না। বিভিন্ন ব্যক্তির দানসূত্রে প্রাপ্ত জমিতে ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ করতে হয়। বর্তমানে জমির মূল্য অত্যধিক বৃদ্ধি পাওয়ায় দানসূত্রে একসাথে ০.২৫ একর জমি অনেক ইউনিয়ন পরিষদ পাচ্ছেনা। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে জমি ক্রয়ের সংস্থান ডিপিপিতে নেই। ইউনিয়ন পরিষদ দানসূত্রে অথবা ক্রয়সূত্রে ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় জমি পেলে এলজিইডি হতে শুধুমাত্র কমপ্লেক্স ভবন নির্মাণ করা হয়ে থাকে। বর্তমানে জমির দাম বেড়ে যাওয়ায় দানসূত্রে জমি পাওয়া যাচ্ছেনা এবং অধিকাংশ ইউনিয়ন পরিষদের আয়ের উৎস নেই বিধায় জমি ক্রয় করতে পারছেন। এ ছাড়া ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের লক্ষ্যে জমি ক্রয়ের জন্য ইউনিয়ন পরিষদ-১ শাখায় কোন বরাদ্দের সংস্থান নেই।

০৩। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় একটি খাত সৃষ্টি করে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

ফোন : ৯৫৮৬৬০৫

সিনিয়র সহকারী সচিব
বাজেট শাখা
স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি :

১. সহকারী সচিব, মনিটরিং-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।